



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/8/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল আইনের প্যাকেজে স্বাক্ষর করেছেন রোবোকল নিয়ন্ত্রণ করার জন্য

(S.6267a/A.268a) আইন অনুযায়ী টেলিকমিউনিকেশন সংস্থাগুলির জন্য নির্দিষ্ট নম্বরসমূহ থেকে রোবোকল ব্লক করা বাধ্যতামূলক

(S.4281a/A.585a) আইন অনুযায়ী কল করার নম্বরগুলি যাচাই করার জন্য ভয়েস পরিষেবা প্রদানকারীদের STIR/SHAKEN কল প্রমাণীকরণের কাঠামো প্রয়োগ করা আবশ্যিক

গভর্নর ক্যাথি হোচুল আজ কিছু বিধি স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন যা রোবোকলের বিরুদ্ধে লড়াইয়ের জন্য ফেডারেল পদক্ষেপের উপর ভিত্তি করে তৈরি হবে। S.6267a/A.268a আইন অতিরিক্ত প্রদানকারীদের পরিব্যাপ্ত করে অব্যঞ্জিত রোবোকল ব্লক করতে টেলিকমিউনিকেশনের কোম্পানিগুলিকে নির্দিষ্ট নম্বর থেকে রোবোকলগুলি ব্লক করা আবশ্যিক করে। S.4281a/A.585a আইনে ভয়েস পরিষেবার প্রদানকারীদের STIR/SHAKEN কল প্রমাণীকরণের কাঠামো বাস্তবায়ন করা আবশ্যিক করে এটা যাচাই করার জন্য যে একটি কল আসলে যে নম্বরটি প্রদর্শিত হচ্ছে সেখান থেকেই আসছে।

"নিউ ইয়র্কবাসীরা বিরক্তিকর, সুযোগসন্ধানী রোবোকলের ফলে বিরক্ত এবং আমরা সেগুলিকে থামানোর জন্য ব্যবস্থা নিচ্ছি," **গভর্নর হোচুল বলেছেন।** "এই আইনটি টেলিকম কোম্পানিগুলিকে এই কলগুলি আসাই প্রতিরোধ করতে সক্ষম করবে, সেই সাথে আমাদের রাজ্যের সরকারকে ক্ষমতা দেবে এটা নিশ্চিত করতে যে ভয়েস পরিষেবার প্রদানকারীরা এই কলগুলি কে করছে তা যাচাই করছে যাতে দুষ্কৃতকারীদের বিরুদ্ধে বলবৎকরণ ব্যবস্থা নেওয়া যেতে পারে।"

A.6267a/A.268a আইনে রাষ্ট্রীয় বিধিতে 2017 সালে FCC দ্বারা প্রকাশিত একটি নিয়মের বিধানগুলিকে আইনে অন্তর্ভুক্ত করে যা 2021 সালের জুন মাসে কার্যকর হয়েছিল, যা টেলিকমিউনিকেশন কোম্পানিগুলিকে নির্দিষ্ট নম্বর থেকে কল সক্রিয়ভাবে আটকাতে দেয়া এগুলির মধ্যে এমন কলগুলি অন্তর্ভুক্ত থাকবে যেগুলির অবৈধ হওয়ার সম্ভাবনা সব চেয়ে বেশি, কারণ সেগুলি এমন নম্বর থেকে আসছে যা বহিমুখী কল করে না বা করতে পারে না। এই ধরনের নম্বরগুলি "স্পুফিং" স্কিমের নির্দেশক যেখানে সত্যিকারের কলারের পরিচয় একটি জাল, অবৈধ নম্বরের পিছনে ঢাকা থাকে।

রাজ্যের সিনেটর জেরেমি কুনি বলেছেন, "রোবোকলগুলি বিপ্লবকারী, অনুপ্রবেশকারী এবং পরিবার ও সম্প্রদায়গুলির জন্য কোন উপকার করে না। স্প্যাম এবং রোবোকলগুলি ব্লক করা ঝুঁকিতে থাকা গ্রাহক জনসংখ্যাকে লুপ্তনমূলক অভ্যাস থেকে রক্ষা করতে পারে, বিশেষ করে আমাদের বয়স্কদের, যারা মহামারী চলাকালীন স্ক্যামারদের শিকার হয়েছেন। যতটা সম্ভব অবৈধ কলগুলি বন্ধ করলে তা নিউ ইয়র্কবাসীদের তাদের ফোন ব্যবহার করার সময় নিরাপদ বোধ করতে সাহায্য করবে। এই আইনটি, যা বেশিরভাগ রোবোকলকে ব্লক করে তার পৃষ্ঠপোষক হতে পেরে এবং স্প্যাম ফোনের কলগুলিকে বন্ধ করার জন্য তৈরি গভর্নরের বিলের প্যাকেজে এটি অন্তর্ভুক্ত করতে পেরে আমি গর্বিত"

S.4281a/A.585a আইন অনুযায়ী ভয়েস পরিষেবার প্রদানকারীদের STIR/SHAKEN কল প্রমাণীকরণের কাঠামো বাস্তবায়ন করা আবশ্যিক। 2020 সালের মার্চ মাসে, FCC, ফেডারেল TRACED আইন অনুসারে, একটি নিয়ম জারি করেছে যেখানে প্রদানকারীদের 2021 সালের জুন মাসের মধ্যে STIR/SHAKEN বাস্তবায়ন করতে হবে। এই বিলটি দুষ্কৃতকারীদের জন্য বর্ধিত রাষ্ট্রীয় বলবৎকরণের ব্যবস্থা করবে এবং রাজ্যকে FCC দ্বারা আবশ্যিক STIR/SHAKEN বাস্তবায়ন নিশ্চিত করতে দেবে। STIR/SHAKEN প্রমাণীকরণের প্রোটোকল ক্রিপ্টোগ্রাফি ব্যবহার করে এটা যাচাই করার জন্য যে একটি কল সত্যিই সেটির প্রদর্শিত নম্বর থেকে এসেছে যা দুষ্কৃতকারীদের ফোন নম্বরগুলি বেআইনীভাবে "স্পুফিং" করার প্রতিরোধ করে। STIR/SHAKEN বেআইনী কলগুলির উৎস ট্রেস করা আরও সহজ করে তোলে, যেহেতু প্রতিটি কলের জন্য একটি সনাক্তকরণ বরাদ্দ করা থাকবে। উৎসটি একবার সনাক্ত হয়ে গেলে, অপরাধীদের বিরুদ্ধে বলবৎকরণের ব্যবস্থা নেওয়া যেতে পারে।

রাজ্যের অ্যাসেম্বলির সদস্য অ্যামি পাউলিন বলেছেন, "এই বিলগুলি রোবোকলগুলির বর্তমান এবং ক্রমবর্ধমান দুর্ভোগের অবসান ঘটানোর জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সেই সাথে সেগুলি প্রতারণামূলক এবং ব্যয়বহুল রোবোকলের স্কিম থেকে গ্রাহকদের রক্ষা করতে সহায়তা করবে। রোবোকলগুলি প্রতিদিন বিরক্তির কারণ, কেউ আর ফোনের উত্তর দিতে চান না। আপনি এমনকি স্থানীয় নম্বরগুলি থেকে আসা কলগুলিকেও বিশ্বাস করতে পারবেন না। সরবরাহকারীদের এমন প্রযুক্তি ব্যবহার করা আবশ্যিক করে যা স্পুফ করা নম্বর জালিয়াতি করা নম্বরগুলিকে প্রতিরোধ করে এবং সক্রিয়ভাবে সেই কলগুলিকে ব্লক করে যা স্পষ্টভাবে অবৈধ, এই বিলগুলি এই উপদ্রব শেষ করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমি গভর্নর হোচুলকে সাধুবাদ জানাই এই বিলকে আইনে স্বাক্ষর করার জন্য এবং এই টেলিফোনের হয়রানির অবসানকে অগ্রাধিকার দেওয়ার জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418